



## উত্তরবঙ্গ হবে দেশের কৃষি শিল্পের কেন্দ্র: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

কুড়িগ্রামকে দেশের অন্যতম বঞ্চিত জেলা উল্লেখ করে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, উন্নয়নের যাত্রা এখান থেকেই শুরু করা হবে।

উত্তরবঙ্গকে কৃষি শিল্পের শক্ত ঘাঁটিতে রূপ দিতে পারলে কর্মসংস্থানের নতুন দুয়ার খুলবে সবার জন্য।

বুধবার (৪ ফেব্রুয়ারি) দুপুরে কুড়িগ্রাম সরকারি কলেজ মাঠে নির্বাচনী জনসভায় তিনি এসব কথা বলেন।

তিনি দাবি করেন, ১১ দলীয় জোটের সবচেয়ে বড় দল জামায়াতে ইসলামী হলেও তারা কোনো দলীয় বা পরিবারতান্ত্রিক শাসন কায়েম করতে চায় না। দেশে গোষ্ঠীভিত্তিক আধিপত্যের রাজনীতি আর চলবে না বলেও মন্তব্য করেন তিনি। তার ভাষায়, এই লড়াই ১৮ কোটি মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য।

ডা. শফিকুর রহমান আরও বলেন, জুলাই আন্দোলনের স্মৃতি নিয়ে তারা সামনে এগোবেন। সে আন্দোলনে নারীদের ভূমিকার কথা তুলে ধরে তিনি বলেন, প্রতিকূলতার মাঝেও সাহস দেখানো মানুষরাই তাদের শক্তি জুগিয়েছে। তবে তিনি অভিযোগ করেন, এত অবদান থাকার পরও কিছু রাজনৈতিক দল ও তাদের সমর্থকেরা নারীদের ওপর হামলা চালিয়েছে।